



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 5/27/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল ঘোষণা করেছেন এই মেমোরিয়াল ডে সপ্তাহান্তে রাজ্য পুলিশ, স্থানীয় আইন বলবতকরণ সংস্থাগুলি অপ্রকৃতিস্থ অবস্থায় বা বেপরোয়াভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে ধর পাকড় করবে

মার্চ 31 পর্যন্ত বলবতকরণ প্রচারণা চলবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলি মদ্যপ, ব্যহত অবস্থায় এবং বেপরোয়াভাবে গাড়ি চালানোর বিরুদ্ধে তহলদারি বৃদ্ধি করবে সম্পূর্ণ মেমোরিয়াল ডে সপ্তাহান্ত জুড়ে। STOP-DWI প্রয়োগের সময়কাল শুক্রবার, 27 মে, 2022-এ সন্ধ্যা 6:00 টায় শুরু হয় এবং 31 মে, 2022 মঙ্গলবার সকাল 3:00 পর্যন্ত চলে। মেমোরিয়াল ডে বছরের সব চেয়ে ব্যস্ততম ভ্রমণ-ছুটিগুলির মধ্যে একটি এবং পুলিশ আমাদের হাইওয়ে থেকে অপ্রকৃতিস্থ এবং বেপরোয়া গাড়ির চালকদের অপসারণ করতে পূর্ণ ক্ষমতায় কাজ করবে।

"অপ্রকৃতিস্থ অবস্থায় গাড়ি চালানো একটি বেপরোয়া, বিপজ্জনক কাজ যা বহু বেশি সংখ্যক মানুষকে ব্যয়বহুল এবং সম্ভাব্য মারাত্মক পরিণতির ঝুঁকিতে ফেলে," **গভর্নর হোকল বলেন।** "যখন আমরা মেমোরিয়াল ডে সপ্তাহান্তের জন্য বন্ধু এবং পরিবারের সাথে ভ্রমণ এবং একত্রিত হওয়ার প্রস্তুতি নিচ্ছি, আমি সমস্ত গাড়ি চালকদের দায়িত্বের সাথে গাড়ি চালানোর জন্য এবং নিরাপদে বাড়ি যাওয়ার পরিকল্পনা করার জন্য অনুরোধ করছি। আপনি যদি মদ্যপান করেন তবে চালকের আসনে বসবেন না যাতে আপনি নিজেকে বা অন্যদের বিপদে না ফেলে আপনার সপ্তাহান্ত উপভোগ করতে পারেন।"

গাড়ির চালকরা এই ছুটির সপ্তাহান্তে প্রকৃতিস্থতা পরীক্ষা করার চেকপয়েন্ট এবং রাজ্যের পুলিশ এবং স্থানীয় আইন প্রয়োগকারী সংস্থাগুলির দ্বারা বর্ধিত টহলদারি দেখতে পাওয়ার আশা করতে পারেন। আইন লঙ্ঘনকারী গাড়ির চালকদের আরো সহজে শনাক্ত করার উদ্দেশ্যে ট্রুপাররা এই ধর-পাকড়ের অংশ হিসেবে স্টেট পুলিশের প্রতীকযুক্ত যানবাহন এবং সাদা পোশাকে ট্রাফিক আইন প্রয়োগকারী সংস্থার (Concealed Identity Traffic Enforcement, CITE) যানবাহন, উভয় ধরনের যানবাহনই ব্যবহার করবে। CITE যানবাহনগুলো গাড়ি চালানোর ক্ষেত্রে লঙ্ঘনের ঘটনাগুলো আরো ভালোভাবে পর্যবেক্ষণ করার সুযোগ করে দেয়। এই যানগুলি স্বাভাবিক ট্রাফিকের সাথে মিশে যেতে পারে, কিন্তু জরুরি আলো সক্রিয় করে দিলে এগুলিকে জরুরি যান হিসেবে সহজেই চেনা যায়।

রাজ্যের পুলিশ সুপার কেভিন পি. ক্রয়েন বলেছেন, "বহু নিউ ইয়র্কবাসীর জন্য, মেমোরিয়াল ডে গ্রীষ্মকালীন ভ্রমণের মরসুমের সূচনা করে, যার অর্থ আমাদের সড়কপথে অতিরিক্ত ট্র্যাফিক এবং বর্ধিত ঝুঁকি আপনি যখন আপনার ছুটির সপ্তাহান্তের প্রস্তুতি নিচ্ছেন, তখন মনে রাখবেন নিরাপত্তাকে আপনার সর্বোচ্চ অগ্রাধিকার দিতে। আপনার সিট বেল্ট পরুন, সতর্ক থাকুন এবং সর্বোপরি, সাবধানে গাড়ি চালান। আপনি যদি মদ্যপান করেন বা মাদক ব্যবহার করেন, তাহলে কোন গাড়ির চালকের আসনে বসবেন না - পরিবর্তে, নিরাপদে বাড়ি যাওয়ার পরিকল্পনা করুন। ট্রুপাররা ছুটির সপ্তাহান্তে আমাদের রাস্তাগুলিকে নিরাপদ রাখতে সতর্ক থাকবে এবং বেপরোয়া এবং অপ্রকৃতিস্থ গাড়ির চালকদের লক্ষ্য করবে।"

মোটরযান বিভাগের (Department of Motor Vehicles) কমিশনার মার্ক জে. এফ. শ্রোডার বলেছেন, "গ্রীষ্মের ভ্রমণের মরসুম শুরু হওয়ার সাথে সাথে এই মেমোরিয়াল ডে সপ্তাহান্তে রাস্তায় আরও বহু গাড়ির চালক থাকবে। আমরা চাই যে সবাই নিরাপদে তাদের গন্তব্যে পৌঁছক, তাই আমরা গাড়ির চালকদের অনুরোধ করছি যেন দুখ:জনক ঘটনা এড়াতে দায়িত্বশীল বিকল্প বেছে নেন। আপনি যদি মদ্যপান করেন বা ড্রাগ ব্যবহার করেন তাহলে গাড়ি চালাবেন না। এছাড়াও, অনুগ্রহ করে রাস্তার নিয়ম মেনে চলুন এবং নিরাপদে অন্যদের সাথে রাস্তা ভাগ করে নিন।"

আলবানির বিশ্ববিদ্যালয়ের (University at Albany) ইনস্টিটিউট ফর ট্র্যাফিক সেফটি ম্যানেজমেন্ট অ্যান্ড রিসার্চ (Institute for Traffic Safety Management and Research) অনুযায়ী, 2020 সালে নিউ ইয়র্কের স্টেটে 516 জনের মৃত্যু হয় এবং 5,067 জন আহত হন দুর্ঘটনায় যার সাথে অপ্রকৃতিস্থ অবস্থায় থাকা গাড়ির চালক জড়িত।

এই উদ্যোগটির আংশিকভাবে অর্থায়ন করেছে গভর্নরের ট্র্যাফিক সুরক্ষা কমিটি (Governor's Traffic Safety Committee, GTSC)। GTSC এবং নিউ ইয়র্ক স্টেটের STOP-DWI ফাউন্ডেশন (New York State STOP-DWI Foundation) মোটর চালকদের মনে করিয়ে দেয় যে তাদের ["হ্যাভ এ প্ল্যান" মোবাইল অ্যাপটি](#), নিউ ইয়র্কবাসীদের বাড়ি ফেরার নিরাপদ পথ খুঁজে পেতে সহায়তা করতে পারে কোন আনন্দ-উৎসবের জায়গা থেকে যেখানে তারা হয়ত মদ্যপান করছিলেন। বিনামূল্যের এই অ্যাপটি ব্যবহারকারীদের একজন গাড়ি চালক মনোনীত করার, ট্যাক্সি ডাকার অথবা রাইড শেয়ারের ব্যবহার করার, এবং মাতাল অবস্থায় গাড়ি চালানোর পরিণতি পর্যালোচনা করার সুযোগ দেয়। এমনকি ব্যবহারকারীরা এই অ্যাপ ব্যবহার করে মাতাল বা নেশাগ্রস্ত গাড়ি চালক সম্পর্কে রিপোর্টও করতে পারেন। এই অ্যাপটি অ্যাপল (Apple), অ্যান্ড্রয়েড (Android) ও উইন্ডোজ (Windows) স্মার্ট ফোনের জন্য উপলব্ধ।

2021 সালের মেমোরিয়াল ডে সপ্তাহান্তে, ট্রুপাররা মাতাল অবস্থায় গাড়ি চালানোর কারণে 185 জনকে গ্রেফতার করে এবং 9,214টি মোট টিকিট জারি করে, এবং 163টি ব্যক্তিগত দুর্ঘটনার তদন্ত করে যেখানে দুইটি প্রাণহানির ঘটনা ঘটে। নিউ ইয়র্ক স্টেট পুলিশ ছাড়াও রাজ্য জুড়ে অসংখ্য কাউন্টি এবং এজেন্সিগুলিও গত বছরের মেমোরিয়াল ডে ধর পাকড়ে অংশগ্রহণ করে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এলেক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418